কথা রাখলেন মুখ্যমন্ত্রী

বাড়ি বাড়ি সমীক্ষার কাজ চলছে। ছবি: পার্থ রাহা

আবাসের টাকা দেবে রাজ্য, শুরু হল সমীক্ষা

মিল্টন সেন

হুগলি, ২১ অক্টোবর

কথা রাখলেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। রাজ্যকে আবাস যোজনার টাকা দেওয়া বন্ধ করেছে কেন্দ্র। লোকসভা নির্বাচনের আগে মুখ্যমন্ত্রী ঘোষণা করে ছিলেন গরিব মানুষের আবাসের টাকা রাজ্য দেবে। নির্বাচন মেটার পর থেকেই শুরু হয়েছিল সেই কাজ। সোমবার থেকে শুরু হল আবাসের সমীক্ষা। মোট ২০৭টি গ্রাম পঞ্চায়েত রয়েছে হুগলি জেলায়। এক সঙ্গে সবক'টি গ্রাম পঞ্চায়েত এলাকাতেই শুরু হয়েছে সমীক্ষার কাজ। পঞ্চায়েত কর্মীরা বাড়ি বাড়ি ঘুরে সমীক্ষা করছেন। খতিয়ে দেখছেন কারা আবাস যোজনার অন্তর্ভুক্ত হওয়ার যোগ্য। এখানেই শেষ নয়, উপভোক্তাদের বর্তমান বাসস্থানের ছবিও তুলছেন। একইসঙ্গে সেই ছবি সেই জায়গায় দাঁড়িয়েই মোবাইল ফোনের অ্যাপের মাধ্যমে রাজ্যের পোর্টালে আপলোড করছেন।

মূলত ২০২০-২১ সালে যাঁদের আবাস যোজনার তালিকায় নাম ছিল। যাঁরা পরে আবেদন করেছিলেন। একইসঙ্গে যাঁদের ঘর প্রাকৃতিক দুর্যোগ, বন্যায় ভেঙে গেছে। এদিন সেই সমস্ত বাড়ি ঘুরে দেখেছেন পঞ্চায়েত কর্মীরা। জানা গেছে, উপভোক্তাদের নিজের নামে জায়গা। মাসে পনেরো হাজার টাকার থেকে কম আয়। উপভোক্তার নামে তিন চাকা, চার চাকা গাড়ি নেই এমন ব্যক্তি আবাস পাওয়ার যোগ্য হবেন। লোকসভা নির্বাচনের আগে আবাস যোজনার ঘর নিয়ে দুর্নীতির অভিযোগ তুলেছিল রাজ্যের বিরোধী দল বিজেপি। অভিযোগ তুলেছিল ঘর পাইয়ে দেওয়ার নামে টাকা নেওয়া, উপযুক্ত নয় এমন ব্যক্তিকে ঘর দেওয়া ইত্যাদি। তাই এবারে শুরু থেকেই সতর্ক প্রশাসন। এবারে আগেই উপভোক্তাকে দিয়ে ডিক্লারেশন লিখিয়ে নেওয়া হচ্ছে। ভয়ে বা ভক্তিতে কাউকে টাকা দেবে না তাও লেখানো হচ্ছে। কোদালিয়া ১ নং গ্রাম পঞ্চায়েতের আয়মাডাঙার টোটোন রায়ের বাড়ি ছিটেবেড়ার। বৃষ্টি হলে টালি দিয়ে জল পড়ে। খুব কষ্টে থাকতে হয়। ঝড়বৃষ্টি হলেই গোটা পরিবার ভয়ে থাকে। ঝড়জলে ছেলেমেয়ে নিয়ে অন্যত্র আশ্রয় নিতে হয় টোটোন রায়কে। তিনি অনেক আগেই আবেদন করেছিলেন আবাসের জন্য। আগে একবার তাঁর বাড়িতে বিডিও অফিসের আধিকারিকেরা এসেছিলেন। কিন্তু ঘর পাননি। এবারে আর সেই সমস্যা নেই, সব কিছু খতিয়ে দেখে রাজ্য সরকারের তরফে তাঁকে আবাসের ১ লক্ষ ২০ হাজার টাকা দেওয়ার কথা বলা হয়েছে। সেই টাকা পেলে একটা পাকা ঘর বানাবেন বলে জানান টোটোনের স্ত্রী মধুবালা রায়। একইরকম ভাবে সপ্তগ্রাম গ্রাম পঞ্চায়েতের মিঠাপুকুর এলাকাতেও বাড়ি বাড়ি সমীক্ষা চালান পঞ্চায়েত কর্মীরা। এই প্রসঙ্গে হুগলি জেলা পরিষদের সভাধিপতি রঞ্জন ধাড়া বলেছেন, মুখ্যমন্ত্রী কেন্দ্রের কাছে বারবার গরিব মানুষের আবাস যোজনার বকেয়া টাকা চেয়েছেন। কেন্দ্র রাজ্যের সেই প্রাপ্য টাকা দেয়নি। কেন্দ্র সরকার টাকা বন্ধ করে দেওয়ার পর রাজ্যের মানবিক মুখ্যমন্ত্রী নিজের উদ্যোগে রাজ্যের কোষাগার থেকে সেই টাকা দেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন। বলেছেন রাজ্যের টাকায় যাদের কাঁচা বাড়ি তাদের পাকা বাড়ি করে দেওয়া হবে। এদিন থেকে সেই সমীক্ষা শুরু হয়েছে। আবেদনকারীদের বাড়ি বাড়ি ঘুরে ৩১ অক্টোবর পর্যন্ত সমীক্ষা চলবে। অনলাইন পোর্টালের মাধ্যমেই উপভোক্তাদের সমস্ত তথ্য সংশ্লিষ্ট দপ্তরে চলে যাবে।

কাড়া লড়াই জখম ৩ জন গ্রেপ্তার ৪

দীপেন গুপ্ত

পুরুলিয়া, ২১ অক্টোবর

কাড়া লড়াইয়ের আসরে কাড়ার গুঁতোয় জখম তিনজন। আর এই ঘটনার জেরে ফের বেআইনিভাবে কাড়া লড়াইয়ের বিরুদ্ধে উঠল প্রশ্ন। কোনওরকম প্রশাসনিক অনুমতি না নিয়ে কাড়া লড়াইয়ের আয়োজন। রবিবার পুরুলিয়ার জয়পুর থানার রাঙ্গুনিটাড় গ্রামে ছিল কাড়া লড়াইয়ের আসর। সেখানে কাড়া অর্থাৎ পুরুষ মোষের গুঁতোয় জখম হয়েছেন তিনজন। তার মধ্যে গোকুল মাহাতো নামে একজনের অবস্থা আশঙ্কাজনক। তাকে পুরুলিয়া মেডিক্যাল কলেজে ভর্তি করা হয়েছে। উল্লেখ্য যে, পুরুলিয়ার প্রাচীন সংস্কৃতিগুলির অন্যতম হচ্ছে কাড়া লড়াই। যদিও এই লড়াইয়ে বহুবার দুর্ঘটনা ঘটলেও কিভাবে বার বার প্রশাসনিক নিষেধাজ্ঞা অমান্য করে এই লড়াইয়ের আয়োজন করা হচ্ছে তা নিয়ে প্রশ্ন উঠেছে। রবিবার দুর্ঘটনার পর আয়োজক কমিটির চারজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। পুলিশ সূত্রে জানা গিয়েছে ধৃতদের নাম শত্রুঘন পরামানিক, সনাতন মাহাতো, বিবেকানন্দ মাহাতো ও নির্মল মাহাতো। তাদের বাড়ি জয়পুর থানা এলাকারই রাঙ্গানিটাড় গ্রামে। আজ তাদের পুরুলিয়া জেলা আদালতে তোলা হলে জেল হেফাজত হয়।

ছাতা মাথায় বাইকে, পথে দুর্ঘটনা, মৃত্যু

প্রভাত সরকার

ফরাক্কা, ২১ অক্টোবর

মোটরবাইকের পিছনের সিটে বসে ছাতা খুলে হাসপাতালে ডিউটি করতে যাওয়ার সময় পথ দুর্ঘটনায় মৃত্যু হল এক নার্সের। ঘটনাটি ঘটেছে মুর্শিদাবাদের রঘুনাথগঞ্জ থানা এলাকায়, সোমবার দুপুরে।

পুলিশ সূত্রে জানা গেছে, মৃত ওই নার্সের নাম মৌসুমি কুণ্ডু (৩১)। তার বাড়ি স্থানীয় রাজানগর এলাকায়। তিনি জঙ্গিপুর সুপার স্পেশ্যালিটি হাসপাতালের কর্মরত ছিলেন। স্থানীয় সূত্রে জানা গেছে, ডিউটিতে যোগ দেওয়ার জন্য দুপুর ২টো নাগাদ বাড়ি থেকে বেরিয়েছিলেন মৌসুমি। নিজের স্বামীর মোটরবাইকে চেপে হাসপাতালের দিকে যাচ্ছিলেন। ঘটনার প্রত্যক্ষদর্শীরা জানান, রোদের তাপ থেকে বাঁচতে ওই মহিলা বাইকের সিটের পিছনে একটি ছাতা খুলে বসেছিলেন। সেই সময় দমকা হাওয়ায় তার হাতে থাকা ছাতাটি উল্টে যায়। মহিলা বাইক থেকে রাস্তায় উল্টে পড়েন। এই ঘটনায় তার মাথায় গুরুতরে চোট লাগে। রক্তাক্ত অবস্থায় তাঁকে তৎক্ষণাৎ জঙ্গিপুর হাসপাতালে নিয়ে যাওয়া হয়। চিকিৎসা শুরু হওয়ার কিছুক্ষণের মধ্যেই তাঁর মৃত্যু হয়। ঘটনায় হতবাক হাসপাতালের সহকর্মীরা ও স্থানীয় বাসিন্দারা।

খুলল ভারত জুট মিল, খুশি শ্রমিকরা

প্রিয়দর্শী বন্দ্যোপাধ্যায়

তৃণমূল শ্রমিক সংগঠনের উদ্যোগে ফের চালু হল দাসনগরের ভারত জুটমিল। কাজে যোগ দিলেন এখানকার প্রায় ৫০০ জন শ্রমিক। পুজোর মুখে কর্তৃপক্ষ জুটমিলে সাসপেনশন অফ ওয়ার্ক নোটিস ঝুলিয়ে দিয়েছিল। বিজেপির শ্রমিক সংগঠনের প্রতিনিধিরা শ্রমিকদের ভুল বুঝিয়ে কর্মবিরতি চালু করিয়েছিল। পরিস্থিতি স্বাভাবিক করতে শ্রম কমিশনারের অফিসে কর্তৃপক্ষের সঙ্গে ত্রিপাক্ষিক বৈঠক হয়। সেখানেই মিল খোলার বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত হয়। এরপরই কর্তৃপক্ষ শ্রমিক বোনাস ও বকেয়া পাওনা মিটিয়ে দেয়। তারপরই সোমবার থেকে সাসপেনশন অফ ওয়ার্ক নোটিসও প্রত্যাহার করে নেয় কর্তৃপক্ষ। সোমবার থেকে ফের মিল চালু করে দেওয়া হয়।

ডায়মন্ড হারবার মেডিক্যালে অবস্থান বিক্ষোভ জুনিয়রদের

আজকালের প্রতিবেদন

ডায়মন্ড হারবার, ২১ অক্টোবর

জুনিয়র ডাক্তার ও ডায়মন্ড হারবার মেডিক্যাল কলেজের প্রিন্সিপালের দাবি ও পাল্টা দাবি ঘিরে সোমবার চলল টানাপোড়েন। এদিন সকাল ন'টা থেকে মেডিক্যাল কলেজের জুনিয়র ডাক্তারদের একাংশ, হাসপাতালের কর্মী ও নিরাপত্তাকর্মীদের একাংশ ১২ দফা দাবিতে অবস্থান-বিক্ষোভে বসেন। কলেজের প্রশাসনিক ভবনের মূল গেটে তালা ঝুলিয়ে দেন বিক্ষোভকারী জুনিয়র ডাক্তাররা। কলজের অধ্যক্ষ উৎপল দাঁ-র পদত্যাগ দাবি করেন। চলতে থাকে স্লোগান। পরবর্তী সময়ে বেলা একটা নাগাদ ডায়মন্ড হারবার পুলিশ জেলার অতিরিক্ত পুলিশ সুপার মিতুন দে, মহকুমাশাসক অঞ্জন ঘোষ, মেডিক্যাল কলেজর এমএসভিপি তন্ময় পাঁজা বিক্ষোভকারী জুনিয়র ডাক্তার ও অধ্যক্ষের সঙ্গে কথা বলেন। বিক্ষোভকারীদের অভিযোগ ও অধ্যক্ষের অভিযোগ নিয়ে পরবর্তী সময়ে যথোপযুক্ত তদন্ত কমিটি গড়া হবে বলে প্রশাসনিক আধিকারিকরা আশ্বাস দেন। পাল্টা অধ্যক্ষ উৎপল দাঁ বলেন, '৮ জন জুনিয়র ডাক্তারকে হস্টেল থেকে বহিষ্কার করা হয়েছে। তাঁরাই আজ বিক্ষোভ করেছেন। তবে আপাতত বহিষ্কারের সিদ্ধান্ত স্থগিত করা হল।'

ইন্ডিয়ান ওভারসীজ বৈঙ্ক Indian Overseas Bank

Good people to grow with — A Government of India Undertaking

রিজিওনাল অফিস, কলকাতা-II: ১১৯, পার্ক স্ট্রিট, কলকাতা-৭০০ ০১৬

ব্যাঙ্কের জন্য বাণিজ্যিক স্পেস আবশ্যক

নিম্নলিখিত স্থানে আমাদের **নতুন ব্রাঞ্চের** প্রেমিসেসের জন্য লিজ ভিত্তিতে অগ্রাধিকার ভিত্তিতে প্রথম তলে বাণিজ্যিক স্পেস আবশ্যক :-

কাঁচরাপাড়া (উত্তর ২৪ পরগনা)-১৫০০ থেকে ২০০০ বর্গফুট কার্পেট এরিয়া
রঘুনাথপুর (পুরুলিয়া)-১৫০০ থেকে ২০০০ বর্গফুট কার্পেট এরিয়া
শ্রীরামপুর (হুগলি)-১৫০০ থেকে ২০০০ বর্গফুট কার্পেট এরিয়া
ঝাড়গ্রাম (ঝাড়গ্রাম)-১৫০০ থেকে ২০০০ বর্গফুট কার্পেট এরিয়া
বোলপুর (বীরভূম)-১৫০০ থেকে ২০০০ বর্গফুট কার্পেট এরিয়া
রানাঘাট (নদিয়া)-১৫০০ থেকে ২০০০ বর্গফুট কার্পেট এরিয়া
(অগ্রাধিকার ভিত্তিতে বাজার এলাকা/আবাসিক এলাকার কাছাকাছি)

০৪.১১.২০২৪ তারিখ অথবা তার পূর্বে আগ্রহী মালিকরা পূর্ণাঙ্গ বর্ণনা সহ (কেবলমাত্র **www.iob.in** ওয়েবসাইটে দেওয়া ফরম্যাট অনুযায়ী) আবেদন করতে পারেন এখানে: চিফ রিজিওনাল ম্যানেজার, ইন্ডিয়ান ওভারসিজ ব্যাঙ্ক, রিজিওনাল অফিস, কলকাতা-II, ১১৯, পার্ক স্ট্রিট, হোয়াইট হাউস, দ্বিতীয় তল, কলকাতা-৭০০ ০১৬।

কোনও কারণ না দেখিয়ে যে কোনও প্রস্তাব গ্রহণ বা বাতিল করার অধিকার এই ব্যাঙ্ক বহাল রাখে। এই ব্যাঙ্ক কোনও ব্রোকারেজ দেবে না।

চিফ রিজিওনাল ম্যানেজার, ইন্ডিয়ান ওভারসিজ ব্যাঙ্ক

যোগাযোগের ব্যক্তি: কে কে ঝা, ল্যান্ডলাইন: ০৩৩-২২১৭ ৫৮১৪, মোবাইল: ৮৪৫৮৮৫৫৩৩৫

পঞ্জাব নৈশনল বৈঙ্ক ...भरोसे का प्रतीक ! punjab national bank ...the name you can BANK upon!

সার্কল সস্ত্র সেন্টার, পুরুলিয়া, মডিউল নং ৫৫, ষষ্ঠ তল, ওয়েবেল আইটি পার্ক, সাহেব বাঁধ, পুরুলিয়া (পশ্চিমবঙ্গ), পিন- ৭২৩১০১ / ই-মেল: cs8301@pnb.co.in

দখল বিজ্ঞপ্তি

যেহেতু, পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক-এর অনুমোদিত আধিকারিক হিসেবে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর ১৩ নং ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে নিম্নোক্ত ঋণগ্রহীতা(গণ)-এর প্রতি নীচে লেখা তারিখ সংবলিত দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন যাতে উক্ত বিজ্ঞপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে ওই বিজ্ঞপ্তিতে সংশ্লিষ্ট অ্যাকাউন্টে উল্লিখিত পরিমাণ অর্থাঙ্ক আদায় দেওয়ার জন্য তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল।

উক্ত ঋণগ্রহীতা ওই বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত ওই ঋণগ্রহীতা এবং জনসাধারণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষকারী উক্ত রুলসমূহের রুল নং ৮-সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(৪) ধারা অনুযায়ী তাঁর ওপর অর্পিত ক্ষমতাবলে প্রতিটি অ্যাকাউন্টের পাশে লেখা তারিখে এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।

বিশেষত ওই ঋণগ্রহীতা এবং জনসাধারণকে এতদ্দ্বারা উক্ত সম্পত্তি নিয়ে কোনওরূপ লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে কোনও প্রকার লেনদেন নীচে লেখা অর্থাঙ্ক এবং এর ওপর সুদ সমেত পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক-এর প্রতি দায় সাপেক্ষ হবে।

ক্রম নং	ব্রাঞ্চের নাম	অ্যাকাউন্টের নাম	ঋণগ্রহীতার নাম (সম্পত্তির মালিক)	বন্ধক রাখা সম্পত্তির বিবরণ	১৩(২) দাবি বিজ্ঞপ্তির তারিখ	১৩(৪) দখল বিজ্ঞপ্তি সাঁটানোর তারিখ	দাবি বিজ্ঞপ্তির তারিখে অনাদায়ী বকেয়া
১	মড়ার	মিঃ তপন কুমার টুডু এবং মিসেস বন্দনা টুডু	মিঃ তপন কুমার টুডু এবং মিসেস বন্দনা টুডু	উপরিস্থিত বাড়ি সমেত ১০.০০ ডেসিমেল বাস্তু জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: আর এস/ এল আর প্লট নং ০৬, এল আর খতিয়ান নং ৭৭৭ (কনভার্সন অনুযায়ী), জে এল নং ১১৮, মৌজা- বেনাচাপড়া, মড়ার গ্রাম পঞ্চায়েতের এলাকাধীন, থানা- বিষ্ণুপুর, জেলা- বাঁকুড়া, পশ্চিমবঙ্গ-৭২২১২২। এডিএসআর অফিস- বিষ্ণুপুর, বাঁকুড়ায় নথিভুক্ত ১৯.০৫.২০১৫ তারিখের রেজিস্টার্ড দলিল নং ১৫১৭/২০১৫ এবং কনভার্সন মামলা নং ২৪৫/১৫ অনুযায়ী সম্পত্তির মালিকানা মিঃ তপন কুমার টুডু, পিতা- শ্রী মোহন টুডু-এর নামে। সম্পত্তির চৌহদ্দি: উত্তর- ৬ ফুট চওড়া কাঁচা রাস্তা; দক্ষিণ- ১০ ফুট চওড়া কাঁচা রাস্তা; পূর্ব- ৬ ফুট চওড়া কাঁচা রাস্তা; পশ্চিম- প্লট নং ৬ সংবলিত জমির প্লটের অবশিষ্ট অংশ।	০২.০৮.২০২৪	১৯.১০.২০২৪	₹১৮,৪৩,৩২৯.০০

তারিখ: ২২.১০.২০২৪
স্থান: পুরুলিয়া

মিঃ বিনোদ শঙ্কর তিওয়ারি
অনুমোদিত আধিকারিক, পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক

ফর্ম নং ইউ আর সি ২
অ্যাক্টের চ্যাপ্টার XXI-এর অংশ ১-এর অধীনে নথিভুক্তি সম্পর্কে বিজ্ঞপ্তির বিজ্ঞাপন

[কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩-র ৩৭৪ (বি) ধারা ও কোম্পানিজ (অথরাইজড টু রেজিস্টার] রুলস ২০১৪-র রুল ৪(১) অনুযায়ী]

১. কোম্পানি আইন ২০১৩-র ৩৬৬ ধারার (২) উপধারায় বিজ্ঞপ্তি জারি হচ্ছে যে, এর পনেরো দিন পরে তবে ত্রিশ দিন শেষ হওয়ার আগে একটি আবেদন রেজিস্ট্রার, গণেশ কমপ্লেক্স, এন এইচ ৬ বম্বে রোড, রঘুদেবপুর, হাওড়া ৭১১৩২২ সমীপে প্রস্তাবিত হচ্ছে যে **মেঃ বেকন ডিস্ট্রিবিউটরস একর এলএলপি,** একটি এলএলপি, যা কোম্পানি আইন ২০১৩-র চ্যাপ্টার XXI-এর অংশ ১-এ নথিভুক্ত হতে পারে শেয়ার দ্বারা কোম্পানি লিমিটেড হিসেবে নথিভুক্ত হতে পারে।

২. কোম্পানির মূল লক্ষ্য নিম্নরূপ:
ভারতে ও বাইরে রিয়েল এস্টেট, আবাসন প্রকল্প, পরিকাঠামো, নির্মাণ, টার্ণকি প্রকল্প, আবাসিক বাড়ি, বাণিজ্যিক বিল্ডিং, ফ্ল্যাট ও কারখানা শেড বিল্ডিং নির্মাণ তৈরির ব্যবসাতে বিল্ডার, কলোনাইজার ও সিভিল ও নির্মাণগত ঠিকাদার ক্রয়, লিজভুক্তি বা যাতায়াতে বা এমন স্বার্থজনিত যা স্থাবর সম্পত্তিজাত ও বিল্ডিং ও নির্মাণ লক্ষ্যে লেইং আউট, প্লটিং ও প্রস্তুতিজনিত ব্যবসা করা।

৩. প্রস্তাবিত কোম্পানির সঙ্ঘস্মারক দেখা যাবে এই অফিসে: বেকন ডিস্ট্রিবিউটরস একর এলএলপি, গণেশ কমপ্লেক্স, এন এইচ ৬ বম্বে রোড, রঘুদেবপুর, হাওড়া ৭১১৩২২।

৪. এতদ্দ্বারা বিজ্ঞপ্তি জারি হচ্ছে যে, এই আবেদনের বিরোধিতা করতে হলে লিখিতভাবে জানান: রেজিস্ট্রার, **সেন্ট্রাল রেজিস্ট্রেশন সেন্টার (সিআরসি), ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ কর্পোরেট অ্যাফেয়ার্স (আইআইসিএ), প্লট ৬, ৭, ৮, সেক্টর-৫, আইএমটি মানেসার, জেলা গুড়গাঁও (হরিয়ানা), পিন- ১২২ ০৫০, এই বিজ্ঞপ্তি প্রকাশের একুশ দিনের মধ্যে।** সঙ্গে কপি দেবেন রেজিস্টার্ড অফিসে।

২২ অক্টোবর, ২০২৪

আবেদনকারীর নাম
বিকাশ কুমার বাজোরিয়া

কেনরা বৈঙ্ক Canara Bank — সিন্ডিকেট Syndicate

এ এম রোড ব্রাঞ্চ
৪, গঙ্গা প্রসাদ মুখার্জি রোড
ভবানীপুর, কলকাতা-৭০০ ০২৫

দখল বিজ্ঞপ্তি
(স্থাবর সম্পত্তির জন্য)
[পরিশিষ্ট IV রুল ৮(১)-এর অধীন]

যেহেতু:
কানাড়া ব্যাঙ্ক-এর অনুমোদিত আধিকারিক হিসেবে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৩ সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (অ্যাক্ট ৫৪/২০০২) (এখানে পরে উক্ত অ্যাক্ট হিসাবে উল্লিখিত)-এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে **ঋণগ্রহীতা শ্রী অসীম দেবনাথ,** পিতা প্রয়াত তারাপদ দেবনাথ-এর প্রতি **০৭.০৮.২০২৪ তারিখ** সংবলিত একটি **দাবি বিজ্ঞপ্তি** জারি করেছিলেন, যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে উক্ত বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক অর্থাৎ **₹১৫,৭৮,৬৫৭.০০** (পনেরো লক্ষ আটাত্তর হাজার ছশো সাতান্ন টাকা মাত্র) আদায় দেওয়ার জন্য তাঁর প্রতি আহ্বান জানানো হয়েছিল।

উক্ত ঋণগ্রহীতা দাবিকৃত অর্থাঙ্ক পরিশোধে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত উক্ত ঋণগ্রহীতা এবং জনসাধারণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী উক্ত রুলসমূহের রুল নং ৮ ও ৯ সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(৪) ধারাধীনে তাঁর ওপর অর্পিত ক্ষমতাবলে **১৯ অক্টোবর, ২০২৪** তারিখে এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।

বিশেষত ওই ঋণগ্রহীতা এবং জনসাধারণকে এতদ্দ্বারা নিম্নবর্ণিত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে কোনও প্রকার লেনদেন **₹১৫,৭৮,৬৫৭.০০** (পনেরো লক্ষ আটাত্তর হাজার ছশো সাতান্ন টাকা মাত্র) এবং তার উপর সুদ সমেত **কানাড়া ব্যাঙ্ক, এ এম রোড ব্রাঞ্চ**-এর দায় সাপেক্ষ হবে।

উক্ত অ্যাক্টের ১৩(৮) নং ধারার সংস্থান অনুযায়ী প্রাপ্য মেয়াদের মধ্যে এই সুরক্ষিত পরিসম্পদ ছাড়ানোর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ঋণগ্রহীতার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।

স্থাবর সম্পত্তির বিবরণ:- বাস্তু জমির সমগ্র এবং অবিচ্ছেদ্য অংশ, মাপ সামান্য কমবেশি প্রায় ১ কাঠা ৮ ছটাক, মৌজা-তালাবান্দা, জে এল নং ২৮, তৌজি নং ১৯২, আর এস নং ১০৪, আর এস দাগ নং ৭৭/৮৭২, আর এস খতিয়ান নং ৪১৮, এল আর খতিয়ান নং ২৮৬০, বিলকান্দা-১ গ্রাম পঞ্চায়েতের অধীন, সহরপুর, তালাবান্দা, পোঃ-যুগমেরিয়া, থানা খড়দহ, পিন-৭০০১১০, এডিএসআর-নিউ ব্যারাকপুর, টালির শেডের একতলা বাড়ি সহ এবং ৬ ফুট কমন প্যাসেজ ব্যবহারের অধিকার সহ এবং এর সঙ্গে যুক্ত সমস্তর ভোগদখলের অধিকার সহ।

সম্পত্তির চৌহদ্দি: উত্তর- ৬ ফুট কমন প্যাসেজ; দক্ষিণ- দাতা যথা উজ্জ্বল দেবনাথের সম্পত্তি; পূর্ব- গোকুল দেবনাথের সম্পত্তি; পশ্চিম-৩ ফুট কমন প্যাসেজ তারপর দুলাল দেবনাথের সম্পত্তি।

তারিখ: ১৯.১০.২০২৪
স্থান: কলকাতা

অনুমোদিত আধিকারিক
কানাড়া ব্যাঙ্ক

কেনরা বৈঙ্ক Canara Bank — সিন্ডিকেট Syndicate

মানিকতলা ব্রাঞ্চ
৫৮, রাজা দীনেন্দ্র স্ট্রিট
কলকাতা-৭০০ ০০৬

দখল বিজ্ঞপ্তি
(স্থাবর সম্পত্তির জন্য)
[পরিশিষ্ট IV রুল ৮(১)-এর অধীন]

যেহেতু:
কানাড়া ব্যাঙ্ক-এর অনুমোদিত আধিকারিক হিসেবে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৩ সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (অ্যাক্ট ৫৪/২০০২) (এখানে পরে উক্ত অ্যাক্ট হিসাবে উল্লিখিত)-এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে **ঋণগ্রহীতা মিঃ জাহাঙ্গীর আলি খান**-এর প্রতি **২৩.০৭.২০২৪ তারিখ সংবলিত একটি দাবি বিজ্ঞপ্তি** জারি করেছিলেন, যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে উক্ত বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক অর্থাৎ **₹২৬,৩১,৭৬১.০০** (ছাব্বিশ লক্ষ একত্রিশ হাজার সাতশো একষট্টি টাকা মাত্র) আদায় দেওয়ার জন্য তাঁর প্রতি আহ্বান জানানো হয়েছিল।

উক্ত ঋণগ্রহীতা দাবিকৃত অর্থাঙ্ক পরিশোধে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত উক্ত ঋণগ্রহীতা এবং জনসাধারণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী উক্ত রুলসমূহের রুল নং ৮ ও ৯ সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(৪) ধারাধীনে তাঁর ওপর অর্পিত ক্ষমতাবলে **১৯ অক্টোবর, ২০২৪** তারিখে এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।

বিশেষত ওই ঋণগ্রহীতা এবং জনসাধারণকে এতদ্দ্বারা নিম্নবর্ণিত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে কোনও প্রকার লেনদেন **₹২৬,৩১,৭৬১.০০** (ছাব্বিশ লক্ষ একত্রিশ হাজার সাতশো একষট্টি টাকা মাত্র) এবং তার উপর সুদ সমেত **কানাড়া ব্যাঙ্ক, মানিকতলা ব্রাঞ্চ**-এর দায় সাপেক্ষ হবে।

উক্ত অ্যাক্টের ১৩(৮) নং ধারার সংস্থান অনুযায়ী প্রাপ্য মেয়াদের মধ্যে এই সুরক্ষিত পরিসম্পদ ছাড়ানোর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ঋণগ্রহীতার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।

স্থাবর সম্পত্তির বিবরণ: 'অর্চনা অ্যাপার্টমেন্ট' নামে পরিচিত বিল্ডিং এর সেকেন্ড ফ্লোরে উত্তর-পশ্চিম দিকে ফ্ল্যাট নং ৩বি এর সকল অপরিহার্য অংশ যার সুপার বিল্ট পরিমাপ কমবেশি ১১০১ বর্গফুট (এক হাজার একশো এক বর্গফুট) যার মেঝে টাইলস যুক্ত এবং যেখানে তিনটি শোয়ার ঘর একটি বসবারসহ খাবার ঘর, একটি রান্নাঘর, দুইটি টয়লেট এবং এবং একটি ব্যালকনি রয়েছে সহ ৩ (তিন) কাঠা ৩৭ (সাইত্রিশ) বর্গফুট জমির অবিভাজ্য আনুপাতিক অংশ; ওই বিল্ডিং লিফ্ট সুবিধাযুক্ত এবং অবস্থিত প্লট নং ৩, মৌজা-সুলতানপুর, জে.এল.নং ১০, আর. এস.নং ১৪৮, তৌজি নং ১৭৩, অন্তর্গত সি.এস/আর.এস দাগ নং ৫৯০, পরিমার্জিত খতিয়ান নং ১৪৮১, অধীনস্থ সি.এস খতিয়ান নং ৮৪৭, আর.এস. খতিয়ান নং ১৯৯৩, হোল্ডিং নং ৭১, ঠাকুরপাড়া রোড, কলিকাতা-৭০০০৭৯, দমদম পৌরসভার ওয়ার্ড নং ২ থানা-দমদম, অধীনস্থ, এ.ডি.এস.আর.-কাশিপুর দমদম, জেলা-উত্তর ২৪ পরগনা এবং সমগ্র **সম্পত্তির চৌহদ্দি এইরুপে:** উত্তরে: ১২ ফুট চওড়া পৌরসভার রাস্তা দক্ষিণে: দক্ষিণে: সি.এস. দাগ নং ৫৯০, পূর্বে: প্লট নং ৪, পশ্চিমে:প্লট নং ২।

তারিখ: ১৯.১০.২০২৪
স্থান: কলকাতা

অনুমোদিত আধিকারিক
কানাড়া ব্যাঙ্ক

यूको बैंक UCO BANK (A Govt. of India Undertaking)

জোনাল অফিস: শিলিগুড়ি
হিল কার্ট রোড, শিলিগুড়ি-৭৩৪০০১
পরিশিষ্ট-IV, রুল ৮(১) দ্রষ্টব্য
দখল বিজ্ঞপ্তি (স্থাবর সম্পত্তির জন্য)

যেহেতু, ইউকো ব্যাঙ্কের অনুমোদিত আধিকারিক হিসেবে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল নং ৩-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে নিম্নোক্ত ঋণগ্রহীতাগণের প্রতি দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন, যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক আদায় দেওয়ার জন্য তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল।

উক্ত ঋণগ্রহীতাগণ দাবিকৃত অর্থাঙ্ক পরিশোধে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত ওই ঋণগ্রহীতাগণ এবং জনসাধারণের প্রতি জানানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী উক্ত রুলসের রুল নং ৮-সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(৪) নং ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে নীচে প্রত্যেক ঋণগ্রহীতার নামের পাশে লেখা তারিখে নিম্নবর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।

বিশেষত ওই ঋণগ্রহীতাগণ এবং জনসাধারণকে এতদ্দ্বারা উক্ত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে কোনও ধরনের লেনদেন নীচে প্রতিটি অ্যাকাউন্টের পাশে উল্লিখিত অর্থাঙ্ক, বকেয়া সুদ, আনুষঙ্গিক খরচ, মাশুল ও চার্জ সমেত ইউকো ব্যাঙ্ক-এর প্রতি দায় সাপেক্ষ হবে।

উক্ত অ্যাক্টের ১৩ নং ধারার (৮) নং উপধারার সংস্থান অনুযায়ী প্রাপ্য সময়সীমার মধ্যে এই সুরক্ষিত পরিসম্পদগুলি ছাড়ানোর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ঋণগ্রহীতার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।

ক্রম নং	ঋণগ্রহীতার নাম ও ব্রাঞ্চের নাম	সম্পত্তির বিবরণ	ক) দাবি বিজ্ঞপ্তির তারিখ খ) দখল বিজ্ঞপ্তির তারিখ গ) দাবি বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক, তৎসহ সুদ, মাশুল ও চার্জ
১	**মিঃ ইন্দ্রজিৎ শর্মা** ব্রাঞ্চ: **ময়নাগুড়ি**	শ্রী ইন্দ্রজিৎ শর্মার নামে নিম্নোক্ত জমি ও আবাসবাড়ির অপরিহার্য সমগ্র পরিমাণের সমবন্ধক যার স্থিতি ও বিবরণ: আনন্দ নগর, ময়নাগুড়ি, ময়নাগুড়ি, মৌজা- বেঙকান্দি, প্লট নং- আর এস ৩৯৭৩, ২৮৪১, ২৮৩৯, এল আর প্লট নং ৫০৩৪, ৭৭৪৭, পুরনো খতিয়ান নং ৩৭/২৫, নতুন খতিয়ান নং ৩৯৫৪, থানা- ময়নাগুড়ি, জমির পরিমাপ ৮.২৫ ডেসিমেল (৩১.১২.২০১২ তারিখের দলিল নং I-২৬১২)। চৌহদ্দি: উত্তর- রাজনাথ সাহা; দক্ষিণ- নিহার চৌধরি; পূর্ব- অজয় দেবগুপ্ত; পশ্চিম- ৬ ফুট চওড়া রাস্তা।	ক) ২৩.০৫.২০২২ খ) ১৯.১০.২০২৪ গ) ₹৩৩,২১,১৮৪.৮০ (তেত্রিশ লক্ষ একুশ হাজার একশো চুরাশি টাকা এবং আশি পয়সা মাত্র), ০১.০৫.২০২২ অনুযায়ী, যার মধ্যে ৩১.১২.২০২১ পর্যন্ত সুদ ধরা আছে + এর ওপর উদ্ভূত সুদ, আনুষঙ্গিক খরচ, মাশুল, চার্জ ইত্যাদি
দ্রষ্টব্য: ১৩(৪) ধারাধীনে আমাদের তরফে আগে জারিকৃত ০৪.০৮.২০২২ তারিখের নোটিসটি প্রত্যাহার করে এই নোটিসটি নতুনভাবে জারি করা হল।			
২	**মিঃ ইন্দ্রজিৎ শর্মা** পিতা- প্রয়াত নৃপেন্দ্র চন্দ্র শর্মা ব্রাঞ্চ: **জলপাইগুড়ি**	**সম্পত্তি নং ১:** শ্রী ইন্দ্রজিৎ শর্মার নামে নিম্নোক্ত জমি ও আবাসবাড়ির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: আনন্দ নগর, ময়নাগুড়ি, ময়নাগুড়ি, মৌজা- বেঙকান্দি, প্লট নং- ৩৯৯১ (আর এস)/ ৭৭৭৯ (এল আর), জে এল নং ৩৮, খতিয়ান নং ১০৫৯ (আর এস) ৪০৬১ (এল আর), থানা- ময়নাগুড়ি, জমির পরিমাপ ৫.৪৫ কাঠা বা ৯ ডেসিমেল (২০১৩ সালের দলিল নং I-২০২৪)। চৌহদ্দি: উত্তর- অন্যের সম্পত্তি/ রাখাল চক্রবর্তী; দক্ষিণ- অন্যের সম্পত্তি/ হিরালাল চক্রবর্তী; পূর্ব- নদী; পশ্চিম- রাস্তা। **সম্পত্তি নং ২:** শ্রী ইন্দ্রজিৎ শর্মার নামে নিম্নোক্ত জমি ও আবাসবাড়ির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: আনন্দ নগর, ময়নাগুড়ি, ইউথ ক্লাব ফুটবল গ্রাউন্ডের কাছে, মৌজা- বেঙকান্দি, প্লট নং ৩৯৮৩ (আর এস)/ ৭৭৬৪ (এল আর), খতিয়ান নং ১৭৩১ (আর এস)/ ২৩৩৪ (এল আর), জে এল নং ৩৮, থানা- ময়নাগুড়ি, জমির পরিমাপ- ৩৩.০০ ডেসিমেল বা ২০ কাঠা বা ১৪৪০০ বর্গফুট (২০০২ সালের দলিল নং ৩৯৮ অনুযায়ী)। চৌহদ্দি: উত্তর- ফুটবল গ্রাউন্ড; দক্ষিণ- অন্যের সম্পত্তি/ যাদব বাবু; পূর্ব- নদী; পশ্চিম- অন্যের সম্পত্তি/ ধীরেন চৌধরি।	ক) ১২.০৫.২০২২ খ) ১৯.১০.২০২৪ গ) ₹৪,৮৫,৯৬,২৪১.৩০ (চার কোটি পঁচাশি লক্ষ ছিয়ানব্বই হাজার দুশো একচল্লিশ টাকা এবং তিরিশ পয়সা মাত্র), এর মধ্যে ২৯.০১.২০২২ পর্যন্ত সুদ ধরা আছে + এর ওপর উদ্ভূত সুদ, আনুষঙ্গিক খরচ, মাশুল, চার্জ ইত্যাদি
দ্রষ্টব্য: ১৩(৪) ধারাধীনে আমাদের তরফে আগে জারিকৃত ০৩.০৮.২০২২ তারিখের নোটিসটি প্রত্যাহার করে এই নোটিসটি নতুনভাবে জারি করা হল।			

তারিখ: ১৯.১০.২০২৪
স্থান: ময়নাগুড়ি

অনুমোদিত আধিকারিক
ইউকো ব্যাঙ্ক, শিলিগুড়ি জোন

প্রতীকী দখল বিজ্ঞপ্তি

ICICI Home Finance | **রেজিস্টার্ড অফিস:** আইসিআইসিআই ব্যাঙ্ক টাওয়ারস, বান্দ্রা-কুরলা কমপ্লেক্স, বান্দ্রা (ইস্ট), মুম্বই- ৪০০০৫১

কর্পোরেট অফিস: আইসিআইসিআই এইচএফসি টাওয়ার, জে বি নগর, আন্ধেরি-কুরলা রোড, আন্ধেরি ইস্ট, মুম্বই- ৪০০০৫৯
ব্রাঞ্চ অফিস: ৫ম তল, কৃষ্ণা এনক্লেভ, ২/১, ভজন লাল লোহিয়া লেন, হাওড়া এসি মার্কেটের নিকটে, ইয়েস ব্যাঙ্কের উপরে, হাওড়া-৭১১১০১

যেহেতু,
আইসিআইসিআই হোম ফিনান্স কোম্পানি লিমিটেডের অনুমোদিত আধিকারিক হিসেবে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ এর রুল ৩ সহ পঠনীয় সিকিউরিটাইজেশন, রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ এর ১৩(১২) ধারাধীনে তাঁর ওপর অর্পিত ক্ষমতাবলে নিম্নলিখিত ঋণগ্রহীতাগণের প্রতি দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন, যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে উক্ত বিজ্ঞপ্তিতে উল্লিখিত অর্থাঙ্ক আদায় দেওয়ার জন্য তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল।

উক্ত ঋণগ্রহীতা উক্ত অর্থাঙ্ক পরিশোধে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষ করে ওই ঋণগ্রহীতা ও জনসাধারণের জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী নিম্নলিখিত তারিখে উক্ত রুলসমূহের রুল নং ৮ সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(৪) ধারাধীনে তাঁর ওপর অর্পিত ক্ষমতাবলে এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন। বিশেষত ওই ঋণগ্রহীতা ও জনসাধারণকে এতদ্দ্বারা নিম্নলিখিত সম্পত্তি নিয়ে কোনওপ্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে কোনওরূপ লেনদেন আইসিআইসিআই হোম ফিনান্স কোম্পানি লিমিটেডের দায় সাপেক্ষ হবে।

ক্রম নং	ঋণগ্রহীতা/ সহ-ঋণগ্রহীতার নাম এবং লোন অ্যাকাউন্ট নম্বর	সম্পত্তির বিবরণ/ দখলের তারিখ	দাবি বিজ্ঞপ্তির তারিখ / দাবিকৃত অর্থাঙ্ক (₹)	ব্রাঞ্চের নাম
১.	প্রয়াত অরবিন্দ জ্যোতি (ঋণগ্রহীতা),সুনয়ন জ্যোতি (পিতা প্রয়াত অরবিন্দ জ্যোতির আইনি উত্তরাধিকারী) (সহ-ঋণগ্রহীতা), বিভা জানা জ্যোতি (পিতা প্রয়াত অরবিন্দ জ্যোতির আইনি উত্তরাধিকারী) (সব-ঋণগ্রহীতা), সুশোভন জ্যোতি (পিতা প্রয়াত অরবিন্দ জ্যোতির আইনি উত্তরাধিকারী) (সহ-ঋণগ্রহীতা) LHHOW00001419304	গ্রিন রেসিডেন্সি নামে বিল্ডিংয়ের প্রথম তলে ফ্ল্যাট নং সি১ এবং ডি১, মৌজা বানিতবলা, আর এস দাগ নং ২৮৪৯, আর এস খতিয়ান নং ৮২৪, এল আর খতিয়ান নং ১৯৪৫, ১৭২১, ৫১৪০, ৫১৩৯, এল আর দাগ নং ৩২২৮ এবং আর এস খতিয়ান নং ৬২০, আর এস দাগ নং ২৮৫২, জে এল নং ৮৭, এডিএসআরও এবং থানা উলুবেড়িয়া, উলুবেড়িয়া পুরসভার ওয়ার্ড নং ২৯, জেলা হাওড়া, পশ্চিমবঙ্গ-৭১১৩১৬। চৌহদ্দি: উত্তরে: দেবব্রত বোসের জমি, দক্ষিণে: ডঃ নারায়ণ চন্দ্র মান্না এবং অন্যান্যদের জমি, পূর্বে: সরকারি জমি, পশ্চিমে: আমতা রোড/ দখলের তারিখ: ১৮ অক্টোবর, ২০২৪	২৫.০৭.২০২৪ ₹৫২,৭১,৯৮৯/-	কলকাতা-সুবার্বন হাওড়া-বি
২.	সুস্মিতা পড়াল (ঋণগ্রহীতা), পবন পড়াল (সহ-ঋণগ্রহীতা), LHHOW00001532394	ফ্রিহোল্ড মৌজা-ঘরভাঙা বাসুদেবপুর, জে এল নং ১০০, তৌজি নং ৭৩৬, আর এস খতিয়ান নং ১৬৬, এল আর খতিয়ান নং ১৬৭, দাগ নং ১৬০, এসআরও এবং থানা উলুবেড়িয়া, জেলা হাওড়া, হাওড়া পশ্চিমবঙ্গ-৭১১৩২২। চৌহদ্দি: উত্তরে: ডোমজুড় বাউরিয়া রোড/৩৫.৬, দক্ষিণে: দাগ নং ১৬০(অংশ)/২৭ ফুট, পূর্বে: দাগ নং ১৬১/৫৪.২ ফুট, পশ্চিমে: দাগ নং ১৫৯/৫৪.২ ফুট/ দখলের তারিখ: ১৮ অক্টোবর, ২০২৪	২৭.০৭.২০২৪ ₹১৩,৮০,৮৫৯/-	কলকাতা-সুবার্বন হাওড়া-বি
৩.	সুস্মিতা পড়াল (ঋণগ্রহীতা), পবন পড়াল (সহ-ঋণগ্রহীতা), LHHOW00001532395	ফ্রিহোল্ড মৌজা-ঘরভাঙা বাসুদেবপুর, জে এল নং ১০০, তৌজি নং ৭৩৬, আর এস খতিয়ান নং ১৬৬, এল আর খতিয়ান নং ১৬৭, দাগ নং ১৬০, এসআরও এবং থানা উলুবেড়িয়া, জেলা হাওড়া, হাওড়া পশ্চিমবঙ্গ-৭১১৩২২। চৌহদ্দি: উত্তরে: ডোমজুড় বাউরিয়া রোড/৩৫.৬, দক্ষিণে: দাগ নং ১৬০(অংশ)/২৭ ফুট, পূর্বে: দাগ নং ১৬১/৫৪.২ ফুট, পশ্চিমে: দাগ নং ১৫৯/৫৪.২ ফুট/ দখলের তারিখ: ১৮ অক্টোবর, ২০২৪	২৭.০৭.২০২৪ ₹৬৯,৫৯৩.৬৮/-	কলকাতা-সুবার্বন হাওড়া-বি

উপরোক্ত ঋণগ্রহীতা(গণ)/জামিনদার(গণ) এর প্রতি এতদ্দ্বারা ওপরে উল্লিখিত অর্থাঙ্ক আদায় দেওয়ার জন্য এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ৩০ দিনের বিজ্ঞপ্তি দেওয়া হল, অন্যথায় সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ এর রুল নং ৮ ও ৯ এর সংস্থানাধীনে উক্ত সুরক্ষিত সম্পত্তিগুলি এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ৩০ দিন অতিবাহিত হওয়ার পরে বিক্রয় করা হবে।

তারিখ: ২২ অক্টোবর, ২০২৪, স্থান: হাওড়া — **অনুমোদিত আধিকারিক, আইসিআইসিআই হোম ফিনান্স কোম্পানি লিমিটেড**

pnb Housing Finance Limited — Ghar Ki Baat

পরিশিষ্ট-IV-A : স্থাবর সম্পত্তির প্রকাশ্য ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি
সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৮(৬)-এর সংস্থানসমূহ-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর অধীনে স্থাবর পরিসম্পদসমূহ বিক্রির জন্য ই-নিলাম বিক্রির বিজ্ঞপ্তি

রেজিস্টার্ড অফিস: ফ্লোর নং ৯, অন্তরীক্ষ ভবন, ২২, কস্তুরবা গান্ধী মার্গ, নয়া দিল্লি-১১০০০১। ফোন: ০১১-২৩৩৫৭১৭১, ২৩৩৫৭১৭২, ২৩৭০৫৪১৪, ওয়েবসাইট: www.pnbhousing.com
কলকাতা ব্রাঞ্চ: পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড, ফ্লোর নং ৫, সাউথ ব্লক, প্রেমিসেস নং ৭, কিড স্ট্রিট, কলকাতা- ৭০০০১৬

এতদ্দ্বারা জনসাধারণ-সহ বিশেষত নীচের টেবিলে কলাম নং 'A'-তে উল্লিখিত ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)-এর প্রতি এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, মেসার্স পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড/সুরক্ষিত ঋণদাতা-এর অনুমোদিত আধিকারিক দ্বারা নীচের টেবিলে কলাম নং 'D'-তে বর্ণিত সুরক্ষিত ঋণদাতার অনুমোদিত আধিকারিক দ্বারা গঠনমূলক/ বাস্তবিক দখল (কলাম নং 'C'-তে উল্লেখমতো) নেওয়া ও সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/ দায়বদ্ধ স্থাবর সম্পত্তিগুলি নীচে উল্লিখিত বিশদ তথ্য অনুযায়ী **'যেখানে আছে, যেমন আছে, যা কিছু আছে'** ভিত্তিতে বিক্রি করা হবে। নীচের টেবিলে কলাম নং 'A' তে উল্লিখিত ঋণগ্রহীতা(গণ)/ বন্ধকদাতা(গণ)/ সংশ্লিষ্ট ঋণগ্রহীতাগণ বা বন্ধকদাতাগণের (প্রয়াত হলে) আইনি উত্তরাধিকারীগণ (জ্ঞাত বা অজ্ঞাত), এগজিকিউটর(গণ), অ্যাডমিনিস্ট্রেটর(গণ), সাক্সেসর(গণ), অ্যাসাইনি(গণ) (প্রযোজ্যমতো)-এর প্রতি হাল তারিখ পর্যন্ত সংশোধনী-সহ পঠনীয় সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৮(৬) ও ৯-এর সংস্থানাধীনে এতদ্দ্বারা এই বিজ্ঞপ্তিটি জারি করা হচ্ছে। বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক মেসার্স পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড/ সুরক্ষিত ঋণদাতার এই ওয়েবসাইট দেখুন: **www.pnbhousing.com**.

লোন অ্যাকাউন্ট নম্বর/ ঋণগ্রহীতা/ সহ-ঋণগ্রহীতা/ জামিনদার(গণ)/ আইনি উত্তরাধিকারীগণের নাম (A)	দাবিকৃত অর্থাঙ্ক ও তারিখ (B)	দখলের প্রকৃতি (C)	বন্ধক রাখা সম্পত্তির বিবরণ (D)	সংরক্ষণ মূল্য (আরপি) (E)	ইএমডি (আরপি-র ১০%) (F)	ডাক জমার শেষ তারিখ (G)	ডাক বাড়ানোর হার (H)	পরিদর্শনের তারিখ ও সময় (I)	নিলামের তারিখ ও সময় (J)	জ্ঞাত দায়/ বিচারাধীন মামলা (যদি থাকে) (K)
NHL/SKOL/1017/442508 এবং HOU/SKOL/0917/431610 মহম্মদ আবদুর রউফ / মিসেস রাইমা বিবি	₹ ২৯,৭০,২১৯.৮৭ ২৯.০৬.২০২১ অনুযায়ী	বাস্তবিক	সামান্য কমবেশি ২ কাঠা জমির অবিভক্ত অর্ধেকের সমানুপাতিক অংশ পরিমাণ সমেত এই জমিতে নির্মিত বিল্ডিংয়ে একটি গ্যারাজ-সহ গ্রাউন্ড ফ্লোরের (প্রথম তলে) পূর্ণ অংশ জুড়ে ২টি বেডরুম, ১টি ডাইনিং স্পেস, ২টি টয়লেট, কিচেন, ১টি বারান্দা নিয়ে গঠিত ও সামান্য কমবেশি প্রায় ১০০০ বর্গফুট মাপের একটি ফ্ল্যাটের অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা- কালীদহ, জে এল নং ২৩, তৌজি নং ১২৯৮/২৮৩৩, আর এস খতিয়ান নং ৪৫৩, আর এস দাগ নং ১৫২৫, থানা- দমদম, হোল্ডিং নং ৬৫, এসএইচকেবি সরণি (আগে পরিচিত ছিল জপুর রোড নামে), দক্ষিণ দমদম পুরসভার ১৮ নং ওয়ার্ডের এলাকাধীন, জেলা- উত্তর ২৪ পরগনা যেটি এরূপে চৌহদ্দি পরিবেষ্টিত: উত্তর- ১৫২৫ নং দাগের সম্পত্তি; দক্ষিণ- ৮ ফুট চওড়া কমন প্যাসেজ; পূর্ব- শ্রী পার্থ গুহের বাড়ি; পশ্চিম- জপুর রোড।	₹ ২৮,৩১,০০০/-	₹ ২,৮৩,১০০/-	০৭.১১.২০২৪	₹ ১০,০০০/-	২৮.১০.২০২৪ সকাল ১০টা থেকে বিকেল ৫টা ৩০ মিনিট	০৮.১১.২০২৪ দুপুর ২টো থেকে দুপুর ৩টে	জানা নেই

* তৎসহ পরিশোধের তারিখ পর্যন্ত এবং/বা পরবর্তীতে আদায়ীকৃত অর্থাঙ্ক বাদে বার্ষিক ১৮% হারে প্রযোজ্যমতো সুদ, আনুষঙ্গিক খরচ, মাশুল, চার্জ ইত্যাদি। ** পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড-এর অনুমোদিত আধিকারিকের সেরা জ্ঞান ও তথ্যানুসারে উপরিলিখিত স্থাবর/ সুরক্ষিত পরিসম্পদের ওপর অন্য কোনও দায়/ দাবি বকেয়া নেই (কলাম নং 'K'-তে উল্লিখিত বাদে)। পরবর্তী যাবতীয় দায় সফল ক্রেতা/ডাকদাতাকেই আদায় দিতে হবে। উল্লিখিত দায়গুলির পরিস্থিতি স্বাধীনভাবে যাচাই করে নেওয়ার জন্য সম্ভাব্য ক্রেতা(গণ)/ ডাকদাতাদের প্রতি অনুরোধ জানানো হচ্ছে।

১. আজকের তারিখ পর্যন্ত উপরিলিখিত স্থাবর সম্পত্তি/ সুরক্ষিত পরিসম্পদ বিক্রি, দায় ঝেড়ে ফেলা ও/বা হস্তান্তর করায় পিএনবি এইচএফএল/ পিএনবি এইচএফএল-এর অনুমোদিত আধিকারিকের প্রতি নিষেধাজ্ঞা জারি করে কোনও আদেশ/ আদালতের স্থিতাবস্থা জারির নির্দেশ নেই।
২. নিজেদের দরপত্র/ বিড অ্যাপ্লিকেশন ফর্ম জমা দেওয়া বা দরপ্রস্তাব(সমূহ) পেশের আগে সম্ভাব্য ক্রেতা/ ডাকদাতা এবং আগ্রহী পক্ষগণ ওপরের টেবিলে কলাম নং 'K'-তে উল্লিখিত মামলা/ জারিকৃত আদেশের প্রেক্ষিতে শুনানি স্বাধীনভাবে পর্যবেক্ষণ করতে পারেন এবং এগুলি বাদেও তাঁরা পিএনবি এইচএফএল-এর জিম্মায় থাকা সম্পত্তির নথিপত্র ও স্বত্ব যাচাই করে নিজেরা নিঃসন্দেহ হয়ে নিতে পারেন। বিড ফর্মের পাশাপাশি ডাকদাতা(গণ)-কে এই নিলামের শর্ত ও নিয়মাবলিতেও স্বাক্ষর করতে হবে।
৩. অনুগ্রহপূর্বক খেয়াল রাখবেন যে, সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৯(৩)-এর শর্তানুসারে ডাকদাতা(গণ)/ ক্রেতা নিলামের দিনেই বা সর্বাধিক পরবর্তী কাজের দিনের মধ্যে বিক্রয়মূল্যের ২৫% অর্থাঙ্ক (জমাকৃত ইএমডি ধরে, যদি থাকে) আদায় দিতে বাধ্য। সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৯(২) অনুযায়ী সুরক্ষিত ঋণদাতা বিক্রয়মূল্যের ২৫% অর্থাঙ্ক বুঝে পাওয়ার পরে সফল ক্রেতার/ ডাকদাতার অনুকূলে বিক্রয় চূড়ান্ত করা হতে পারে। ক্রেতাকে বিক্রয়মূল্যের বাকি ৭৫% অর্থাঙ্ক আদায় দিতে হবে বিক্রি নিষ্পত্তির চিঠি প্রাপ্তির ১৫ দিনের মধ্যে এবং এরূপে অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হলে সম্পত্তি/ সুরক্ষিত পরিসম্পদ পুনরায় বিক্রি করা হবে।
৪. ই-নিলামের মাধ্যমে বিক্রি পরিচালনায় অনুমোদিত আধিকারিকের সহায়তায় থাকবে **মেসার্স সি১ ইন্ডিয়া প্রাঃ লিঃ**, কর্পোরেট অফিসের ঠিকানা: প্লট নং ৬৮, ফ্লোর নং ৩, সেক্টর ৪৪, গুড়গাঁও, হরিয়ানা- ১২২০০৩, ওয়েবসাইট: www.bankeauctions.com। সম্পত্তি পরিদর্শন বা বিড ডকুমেন্ট সংগ্রহ সংক্রান্ত কোনও সহায়তার প্রয়োজনে এবং রেজিস্ট্রেশন সম্পর্কিত কোনও প্রশ্নের ব্যাখ্যা পেতে আপনারা এখানে যোগাযোগ করতে পারেন: পিএনবিএইচএফএল-এর অনুমোদিত ব্যক্তি **মিঃ ইন্দ্র সেন যাদব**, যোগাযোগের টোল ফ্রি নম্বর: ১৮০০ ১২০ ৮৮০০, ই-মেল: auction@pnbhousing.com অথবা, www.pnbhousing.com দেখতে পারেন।

স্থান: কলকাতা; তারিখ: ২২.১০.২০২৪ — **অনুমোদিত আধিকারিক, মেসার্স পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড**